অতীব জরুরী (ই-মেইল যোগে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পরিকল্পনা-২ শাখা।

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং -৪৬.০৯৪.০০৭.০২.০০.০১০.২০১৫ (অংশ-৪)-১৭৫ তারিখ ঃ ২৪/০৩/২০২০

বিষয় ঃ ২০২০-২১ অর্থ বছরের বাজেট বক্তৃতায় অন্তর্ভুক্তির জন্য প্রয়োজনীয় তথ্যাবলী প্রেরণ সংক্রান্ত।

সূত্রঃ অর্থ বিভাগের ডি.ও নং-০৭.০০.০০০০.০৯৬.২০.০০৩.১৮.১৮, তারিখ: ০৮/৩/২০২০।

উপর্যুক্ত বিষয়ে অর্থ বিভাগ হতে প্রাপ্ত ডি.ও পত্রটি এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। সংযুক্ত পত্রে চাহিত প্রয়োজনীয় তথ্য ২০২০-২১ অর্থ বছরের বাজেট বক্তৃতায় অন্তর্ভুক্তির জন্য প্রয়োজনীয় তথ্যাবলী অত্র বিভাগে ডাকযোগে ও নিম্ন-স্বাক্ষরকারীর ই-মেইলে সফট কপি (Nikosh Font) (ই-মেইল নং-lgdplanning2@gmail.com) **আগামী ২৫/০৩/২০২০ তারিখ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে** প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

২৪/০৩/২০২০

(মোঃ আল্-আমিন সরকার)
সিনিয়র সহকারী প্রধান
ফোন ঃ ৯৫৪৬২৬০/০১৭১১১০৮৫৯৯
lgdplanning2@gmail.com

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১. অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন/পাস/নগর উন্নয়ন/উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রধান প্রকৌশলী, এলজিইডি/ডিপিএইচই, ঢাকা।
৪. রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, সচিবালয় লিংক রোড, পরিবহন পুল, ঢাকা।
৫. মহাপরিচালক, এনআইএলজি, আগারগাঁও, ঢাকা।
৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
৭. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা ওয়াসা।
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, বরিশাল/চট্টগ্রাম/কুমিল্লা/গাজীপুর/খুলনা/নারায়নগঞ্জ/রাজশাহী/রংপুর/সিলেট সিটি কর্পোরেশন।
৯. সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান, পরিকল্পনা ১/৩ শাখা, স্থানীয় সরকার বিভাগ।

অনুলিপি ঃ

১. যুগ্ম-প্রধান, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে জরুরীভিত্তিতে প্রকাশের অনুরোধসহ)।

D:\Budget\Budget 2019-20\Letter.docx

আব্দুর রউফ তালুকদার
সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

আ.স.প.নং-০৭.০০.০০০০.০৯৬.২০.০০৩.১৮.৯৮

তারিখঃ ২৪ ফাল্গুন, ১৪২৬ বঙ্গাব্দ
৮ মার্চ, ২০২০ খ্রিস্টাব্দ

সুপ্রিয় সহকর্মী,

আপনি অবগত আছেন যে, অর্থ বিভাগ প্রতি বছরের মত এ বছরও বাজেট বক্তৃতা প্রণয়নের কাজ শুরু করেছে। বাজেট বক্তৃতা দীর্ঘমেয়াদি ভিশন ও মধ্যমেয়াদি লক্ষ্যসমূহ অর্জনের জন্য সরকারের স্বল্পমেয়াদি অর্থনৈতিক কর্মপরিকল্পনা সম্বলিত একটি গুরুত্বপূর্ণ দলিল যার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রী সার্বিক সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতি, সরকারের লক্ষ্য ও পরিকল্পনা এবং গৃহীত কার্যক্রম, বাজেট কাঠামো ও অগ্রাধিকার খাতভিত্তিক সম্পদ বন্টন এবং সম্পদ আহরণ ইত্যাদি বিষয়ে একটি সুস্পষ্ট ধারণা মহান জাতীয় সংসদের মাধ্যমে জনগণের সামনে তুলে ধরেন।

২। আগামী ২০২০-২১ অর্থবছরের বাজেট বক্তৃতাকে তথ্যসমৃদ্ধ এবং সরকারের চলমান ও ভবিষ্যৎ কর্মকান্ডের অর্থবহ দলিল হিসেবে উপস্থাপন করার লক্ষ্যে আপনার মন্ত্রণালয়/বিভাগ এবং অধীনস্থ দপ্তর/সংস্থা সম্পর্কিত নিম্নবর্ণিত তথ্যসমূহ প্রয়োজন:

(ক) চলতি ২০১৯-২০ অর্থবছরের বাজেটে প্রতিশ্রুত কার্যক্রম বাস্তবায়ন (গত ১১ বছরের উল্লেখযোগ্য অর্জনসহ)
(খ) ২০২০-২১ অর্থবছরের কর্ম-পরিকল্পনা (২য় প্রেক্ষিত, অষ্টম পঞ্চবার্ষিক ও ব-দ্বীপ পরিকল্পনার সাথে সামঞ্জস্য বজায় রেখে)
(গ) মধ্যমেয়াদি সংস্কার/কর্ম-পরিকল্পনা (২০২০-২১ হতে ২০২২-২৩ পর্যন্ত)
(ঘ) ২য় প্রেক্ষিত ও অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা/এসডিজি ও নির্বাচনী ইশতেহার ২০১৮ বাস্তবায়নে মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীত এবং করণীয় বিষয়াদির বিবরণ।

৩। আপনার মন্ত্রণালয়ের প্রতিবেদনটিকে যতটা সম্ভব সুনির্দিষ্ট, সংক্ষিপ্ত ও পরিসংখ্যানভিত্তিক করার জন্যও বিশেষ অনুরোধ রইলো।

৪। বর্ণিত বিষয়গুলো বিবেচনায় নিয়ে আগামী ২০২০-২১ অর্থবছরের বাজেট বক্তৃতায় অন্তর্ভুক্ত করার জন্য আপনার মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার তথ্য-উপাত্ত সম্বলিত একটি প্রতিবেদন আগামী ২৫ মার্চ ২০২০ তারিখের মধ্যে ড. মোঃ খায়েরুজ্জামান মজুমদার, যুগ্মসচিব, সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ এর নিকট প্রেরণের বিষয়ে আপনার ব্যক্তিগত উদ্যোগ কামনা করছি।

শুভেচ্ছান্তে

আন্তরিকভাবে আপনার,
৮/০৩/২০২০
(আব্দুর রউফ তালুকদার)

জনাব হেলালুদ্দীন আহমদ
সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ।